

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৪৮৫

পর্ব-২৭: ফিতনাহ (كتاب الْفتَن)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ - কিয়ামতের পূর্বলক্ষণসমূহ এবং দাজ্জালের বর্ণনা

اَلْفصلُ الثَّنِفْ (بَابُ الْعَلَامَاتِ بَيْنَ يَدَيِ السَّاعَةِ وَذِكْرِ الدَّجَّالِ)

আরবী

وَعَنْ عُبَادَةَ بْنِ الصَّامِتِ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: ﴿إِنِّي حَدَّثْتُكُمْ عَنِ الدَّجَّالِ حَتَّى خَشِيتُ أَنْ لَا تَعْقِلُوا. إِنَّ الْمَسِيحَ الدَّجَّالَ قَصِيرٌ أَفْحَجُ جَعْدٌ أَعْوَرُ مَطْمُوسُ الْعَيْنِ لَيْسَتْ بِنَاتِئَةٍ وَلَا حَجْرَاءَ فَإِنْ أُلْبِسَ عَلَيْكُمْ فَاعْلَمُوا أَنَّ رَبَّكُمْ لَيْسَ بَأَعْوَرَ» رَوَاهُ أَبُو دَاؤُد

حسن ، رواه ابوداؤد (4320) ۔ (صَحِیح)

বাংলা

৫৪৮৫-[২২] 'উবাদাহ্ ইবনুস সামিত (রাঃ) রাসূলুল্লাহ (সা.) হতে বর্ণনা করেন। তিনি (সা.) বলেছেন: আমি তোমাদের কাছে দাজ্জালের কথা বারংবার আলোচনা করেছি, তবুও এই আশক্ষা করছি যে, তোমরা তার প্রকৃত অবস্থা বুঝতে নাও পার। (জেনে রাখ) মাসীহে দাজ্জাল হবে খাটো, পায়ের নলা লম্বা লম্বা চুল খুব কোঁকড়ানো, এক চোখ কানা, অপর চোখ সমান। অর্থাৎ একেবারে ভিতরেও ডুবে থাকেনি এবং বাইরেও উঠে থাকেনি। এরপরও যদি তোমরা সন্দেহে পড়ে যাও, তাহলে এ কথা স্মরণ রাখ যে, তোমাদের প্রভু কানা নন। (আবু দাউদ)

ফুটনোট

সহীহ: আবূ দাউদ ৪৩২০, সহীহুল জামি ২৪৫৯।

ব্যাখ্যা



ব্যাখ্যা: (إِنِّي حَدَّثْتُكُمْ عَنِ الدَّجَّالِ) উবাদাহ্ ইবনুস্ সামিত (রাঃ) বলেন, আমি দাজ্জাল সম্পর্কে তোমাদেরকে যত বিবরণ দিয়েছি যাতে আমার ভয় হচ্ছে যে, তোমরা তার সম্পর্কে ভুলেই যাবে, কিছুই বুঝতে পারবে না। এজন্যই তোমরা ভালোভাবে বুঝে নাও।

وَإِنْ أَلْبِسَ عَلَيْكُمْ فَاعْلَمُوا أَنَّ رَبَّكُمْ لَيْسَ بِأَعْوَرَ) যদি তোমাদের দাজ্জাল সম্পর্কে সংশয় সৃষ্টি করা হয় প্রভু অর্থাৎ দাজ্জাল তোমাদেরকে অলৌকিক কিছু প্রদর্শন করে নিজেকে ইলাহ বলে দাবী করে আর তোমরা তা বুঝতে অক্ষম হও তাহলে জেনে রেখো তোমাদের প্রভু কিন্তু ক্রিটিমুক্ত। দাজ্জাল হবে ক্রিটিপূর্ণ। তার একচক্ষু আলোহীন হবে আরেক চক্ষু আঙ্গুরের মতো ফুলা হবে, উপরের দিকে উঠানো থাকবে। এটিই প্রমাণ করবে সে একজন মিথ্যাবাদী। ইলাহ হওয়ার উপযুক্ত নয়। (মিরকাতুল মাফাতীহ; 'আওনুল মা'বুদ ৭ম খণ্ড, হা. ৪৩২০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ উবাদা ইব্নুস সামিত (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন